106

দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 FEB 1997
পৃষ্ঠা ৫ কলাম ২

# ১৮ প্রাইমারি শিক্ষক শিক্ষিকাকে ঢালাও বদলি

নরসিংদী, ১৩ ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- সদর থানার শহর এলাকা থেকে ১৮জন শিক্ষক-শিক্ষিকাকে নিয়মবহির্ভূতভাবে দূরদূরান্তে ঢালাওভাবে বদলি করার প্রতিবাদে এবং তাদেরকে স্ব স্ব স্থানে পুনর্বহালের দাবিতে গত মঙ্গলবার বিকালে স্থানীয় টাউন হল প্রাঙ্গণে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সম্মেলনে শিক্ষক-শিক্ষিকাদের দুঃখ-দুর্দশার বর্ণনা করে বক্তব্য রাখেন নরসিংদী জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ নূরুল হক, সাংগঠনিক সম্পাদক মোঃ সামসুজ্জামান, হামিদা খানম, লুৎফর নাহার ও মোঃ কফিল উদ্দিন প্রমুখ।

বক্তাগণ বলেন, সদর থানা নির্বাহী কর্মকর্তা, থানা শিক্ষা অফিসার ও থানা শিক্ষা কমিটির যোগসাজশে বদলির নামে ১৮ জন শিক্ষক-শিক্ষিকাকে ঢালাওভাবে তাদের কর্মস্থল থেকে সরকারী চাকরি বিধি লঙ্ঘন করে প্রয়োজনবিহীন বিদ্যালয়ে বদলি করা হয়েছে।

বদলিকৃত ১৮ জনের মধ্যে ১৬জনই শিক্ষিকা। এর মধ্যে ৪জন শিক্ষিকাকে শিক্ষা মন্ত্রণালয়ের আদেশে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহা-পরিচালকের স্মারক নং ৫৫১২/৯৪৫ বিদ্যা/ঢাকা তাং ৭-১২-৮৯ইং মোতাবেক নরসিংদী সদর থানা শিক্ষক নিয়োগ ও পদোন্নতি কমিটির ৩১-৩-৯০ইং তারিখের সিদ্ধান্ত অনুযায়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা হিসাবে পদোন্নতি দেয়া হয়। অথচ সংশ্লিষ্ট বিভাগের আদেশ লঙ্ঘন করে উল্লেখিত একটি মহলের হীন উদ্দেশ্য চরিতার্থ করার লক্ষ্যে তাঁদেরকে ৫/৬/৭ নং সহকারী শিক্ষিকা হিসাবে দূরদূরান্তে বদলি করা হয়েছে।